

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২২৫

আগরতলা, ১৪ ডিসেম্বর, ২০২৩

উত্তর ত্রিপুরা জেলায় আধিকারিকদের
সঙ্গে রাজ্যপালের বৈঠক



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্লু আজ বিকেলে উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক এবং অন্যান্য জেলাস্তরীয় আধিকারিকদের সাথে এক বৈঠকে মিলিত হন। উত্তর ত্রিপুরা জেলা কার্যালয়ের কনফারেন্স হলে আয়োজিত এই বৈঠকে রাজ্যপাল বিভিন্ন সরকারি প্রকল্প বাস্তবায়ন সফল করতে একটি করে গ্রামকে দত্তক নেওয়ার জন্য জেলা আধিকারিকদের পরামর্শ দেন। তার সাথে চলমান বিভিন্ন প্রকল্পগুলি বাস্তবায়নের কাজকর্ম নিয়মিতভাবে পর্যবেক্ষণ করারও পরামর্শ দেন। রাজ্যপাল কৃষকদের আয় বৃদ্ধির জন্য কৃষি ও উদ্যানপালন দপ্তরের আধিকারিকদের ভুট্টা, মিলেট, রেড পাম অয়েল ইত্যাদি চাষের উপর গুরুত্ব দেওয়ার পরামর্শ দেন। এছাড়াও সুবিধাভোগীরা যাতে সহজে ব্যাঙ্ক ঋণ, উজ্জ্বলা যোজনায় বিনামূল্যে গ্যাস সংযোগ পেতে পারেন তার দিকে লক্ষ্য রাখার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বাল্যবিবাহ, নেশাকারবারীদের বিরুদ্ধে আরও বলিষ্ঠ পদক্ষেপ নেওয়ার জন্য আরক্ষা প্রশাসনকে নির্দেশ দেন। আজকের এই বৈঠকে রাজ্যপালের সচিব উত্তম কুমার চাকমা, উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন সহ অন্যান্য বিভিন্ন দপ্তরের পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
